

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 15-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Janajatiya Gourav Diwas-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাট সফরে যাবেন। তিনি নর্মদা জেলার ডিডিয়াপাড়ায় গিয়ে ধরতি আবা ভগবান বীরসা মুন্ডার ১৫০-তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন। এই উপলক্ষ্যে ৯ হাজার ৭০০ কোটি টাকারও বেশি বিভিন্ন পরিকাঠামো ও উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন তিনি। সেইসঙ্গে জনসমাবেশেও ভাষণ দেবেন প্রধানমন্ত্রী।

\*\*\*\*\*

**Janajatiya Gourav Diwas-CM :**

ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ জনজাতীয় গৌরব দিবস বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালিত হচ্ছে। রাজ্যভিত্তিক জনজাতীয় গৌরব দিবসের অনুষ্ঠানটি হবে খুমলুঙের খুম্পুই একাডেমী প্রাঙ্গণে। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অনুষ্ঠানে বিশেষ আকর্ষণ হিসেবে থাকবে এক হাজারেরও বেশী জনজাতি ছাত্রছাত্রী দ্বারা পরিবেশিত 'মামিতা' নৃত্য। এছাড়াও থাকবে রাজ্যের বিভিন্ন জনজাতি গোষ্ঠীর ঐতিহ্যবাহী নৃত্য ও সংগীত পরিবেশনা, বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য জনজাতি ব্যক্তিত্বদের সন্মাননা প্রদান।

\*\*\*\*\*

## **Bihar election :**

বিহার বিধানসভা নির্বাচনে ক্ষমতাসীন NDA বিপুল জয় পেয়েছে। ২৪৩ টি আসনের মধ্যে এনডিএ ২০২টি আসনে জয়লাভ করেছে। RJD নেতৃত্বাধীন মহাজোট ৩৫টি আসনে জয়লাভ করেছে। অন্যরা ৬টি আসনে জয়ী হয়েছে। বিজেপির বিজয়ীদের তালিকায় রয়েছেন উপ-মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী ও বিজয় কুমার সিনহা, নরেন্দ্র নারায়ণ যাদব, প্রবীণ নেতা রেনু দেবী, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রাম কৃপাল যাদব, জনপ্রিয় ভোজপুরি গায়িকা মৈথিলী ঠাকুর এবং প্রবীণ নেতা মঙ্গল পাণ্ডে। মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী আরজেডি-র তেজস্বী প্রসাদ যাদব। উল্লেখযোগ্য পরাজিতরা হলেন জন শক্তি জনতা দলের তেজ প্রতাপ যাদব, বিহার রাজ্য কংগ্রেস প্রধান রাজেশ কুমার এবং আরজেডির বিখ্যাত ভোজপুরি গায়ক ও অভিনেতা খেসারি লাল যাদব।

\*\*\*\*\*

## **PM Kishan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯ তারিখ পি এম কিষান প্রকল্পের অধীনে ২১ তম কিস্তির অর্থসহায়তা প্রদান করবে। এই অর্থ প্রদানের ফলে ১১ কোটি কৃষক পরিবারের হাতে পৌঁছে যাবে ৩ লক্ষ ৭০ হাজার কোটি টাকারও বেশী অর্থ সহায়তা।

\*\*\*\*\*

## **Co-operative Fare-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের আর্থিক উন্নয়নে সমবায়ের বিশেষ ভূমিকা রয়েছে। ভারতের পাঁচ ট্রিলিয়ন ডলার অর্থ শক্তির দেশ হয়ে ওঠার জন্যও সমবায় গুরুত্বপূর্ণ। গতকাল ৭২তম অখিল ভারত সমবায় সপ্তাহ উপলক্ষে আগরতলার পূর্বাশা প্রাঙ্গণে শুরু হওয়া চারদিন ব্যাপি সমবায় মেলার উদ্বোধন করে একথা বলেন তিনি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমবায় মন্ত্রী শুল্লা চরন নোওয়াতিয়া, পশ্চিমজেলার জিলা সভাপতি বিশ্বজিৎ শীল, আগরতলা পুর মেয়র দীপক মজুমদার প্রমুখ। আগামী ১৭ নভেম্বর পর্যন্ত চলবে এই মেলা।

\*\*\*\*\*

#### **Unity Promo Fest- Sushanta Choudhury :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আগামী ১৯ ও ২০ নভেম্বর উদয়পুরে অনুষ্ঠিত হবে ইউনিটি প্রমো ফেস্ট। রাজ্যের মিশ্র সংস্কৃতির বিকাশ, জাতি-জনজাতিদের মধ্যে সুসম্পর্ক ও ঐক্যের ভিত্তি আরও সুদৃঢ় করার লক্ষ্যে এই প্রমো ফেস্টের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল উদয়পুরে জেলা স্পোর্টস গ্রাউন্ডে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন তিনি। পর্যটনমন্ত্রী বলেন, ৮ ও ৯ নভেম্বর গণ্ডাতুইসার নারিকেলকুঞ্জে শুরু হওয়া ইউনিটি প্রমো ফেস্ট আগামী ১২ ডিসেম্বর আগরতলায় শেষ হবে।

\*\*\*\*\*

#### **Diabetes Day-Hepatitis Foundation :**

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে গতকাল হেপাটাইটিস ফাউন্ডেশনের উদ্যোগে আগরতলার ভারতরত্ন সংঘ ক্লাবে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা ও সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস প্রমুখ।

\*\*\*\*\*

### **Vande Mataram-Sonamura :**

সিপাহীজলা জেলার সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে জাতীয় গীত বন্দেমাতরমের দেড়শো বছর পূর্তি উপলক্ষে আয়োজিত প্রথম পর্বের অনুষ্ঠান গতকাল শেষ হয়েছে। গত ৭ই নভেম্বর থেকে প্রথম পর্বের অনুষ্ঠান শুরু হয়েছিল।

\*\*\*\*\*

### **Unity Mass-South :**

দক্ষিণ জেলা প্রশাসন এবং ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের উদ্যোগে গতকাল বিলোনিয়ায় একতা যাত্রা অনুষ্ঠিত হয়। বিলোনিয়ার কলেজ স্কয়ার থেকে শুরু হয়ে ১০ কিলোমিটার পথ অতিক্রম করে একতা যাত্রা বড়পাথরী বাজারে শেষ হয়। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত, বিধায়ক প্রমোদ রিয়াং ও মাইলাফু মগ প্রমুখ।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

\*\*\*\*\*